

## 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫১৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৪৯, ৯৫০] ১৩. কিতাবুল ঈদাইন (দুই ঈদের নামায) (كتاب العيدين) পরিচ্ছেদঃ ঈদের দিন বর্শা এবং ঢাল নিয়ে খেলা করা

# باب الْحِرَابِ وَالدَّرَقِ يَوْمَ الْعِيدِ

#### আরবী

الله عَنْ عَائِشَةَ رَضِيَ الله عَنْهَا قَالَتْ: دَخَلَ عَلَيَّ رَسُولُ الله وَعِنْدِي جَارِيَتَانِ، تُغَنِّيَانِ بِغِنَاءِ بُعَاثَ، فَاضْطُجَعَ عَلَى الْفِرَاشِ وَحَوَّلَ وَجْهَهُ، وَدَخَلَ أَبُو بَكْرٍ فَانْتَهَرَنِي، وَقَالَ: مِزْمَارَةُ الشَّيْطَانِ عِنْدَ النَّبِيِّ ؟ فَأَقْبَلَ عَلَيْهِ رَسُولُ الله فَقَالَ دَعْهُمَا. فَلَمَّا غَفَلَ غَمَزْتُهُمَا فَخَرَجَتَا. (بخارى: الله

#### বাংলা

৫১৯) আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম আমার ঘরে প্রবেশ করলেন। তখন দু'টি বালিকা বুআছের যুদ্ধের বীরত্ব গীত গাচ্ছিল। নবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম ঘরে প্রবেশ করে শুয়ে পড়লেন এবং অন্য দিকে মুখ ফিরিয়ে রাখলেন। ইতিমধ্যে আবু বকর (রাঃ) প্রবেশ করে আমাকে ধমকাতে শুরু করলেন। তিনি বললেনঃ নবীর ঘরে শয়তানের বাদ্যযন্ত্র বাজানো হচ্ছে? রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম তখন আবু বকরের দিকে তাকিয়ে বললেনঃ তাদেরকে ছেড়ে দাও। আবু বকর (রাঃ) যখন অন্য মনস্ক হলেন তখন আমি তাদেরকে ইঙ্গিত করলাম। তারা বের হয়ে চলে গেল।

### **English**

A display of spears and shields on 'Eid Festival day

#### Narrated Aisha:

Allah's Messenger (ﷺ) came to my house while two girls were singing beside me the songs of Buath (a story about the war between the two tribes of the Ansar, the Khazraj and the Aus, before Islam). The Prophet (ﷺ) lay down and turned his face to the other side. Then Abu Bakr came and spoke to me harshly saying, "Musical instruments of Satan near the Prophet (ﷺ)?" Allah's



Messenger (ﷺ) turned his face towards him and said, "Leave them." When Abu Bakr became inattentive, I signaled to those girls to go out and they left.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন